

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদ্রাসা শাখা-২
(www.tmed.gov.bd)



নং- ৫৭.০০.০০০০.০৮৫.২৭.০৫৬.২০-২১১

তারিখ: ০৩ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ
১৮ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: সিলেট জেলার বিশ্বনাথ উপজেলার এলাহাবাদ ইসলামিয়া আলিম মাদ্রাসার অধ্যক্ষ আবু তাহির মো: হসাইনের বিষয়ে
সিদ্ধান্ত গ্রহণের সুবিধার্থে তথ্য প্রেরণ সংক্রান্ত।


সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর স্মারক নং-০৫.৪৬.৯১০০.০২১.২৭.০১৭.১৬-১২৯, তারিখ: ২৫.১০.২০২০খ্রি।

উপর্যুক্ত বিষয়ে পরিপ্রেক্ষিতে সূত্রস্থ পত্রের মাধ্যমে জানানো হয়েছে যে, সিলেট জেলার বিশ্বনাথ উপজেলার এলাহাবাদ ইসলামিয়া আলিম মাদ্রাসার এমপিওভুক্ত অধ্যক্ষ হিসেবে বেতন-ভাতা নেয়া ও কাজী হিসেবেও দায়িত্ব পালন করে ভাতা উত্তোলন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১১.১০(ক) অনুচ্ছেদের পরিপন্থী মর্মে সূত্রে বর্ণিত স্মারকের মাধ্যমে উল্লেখ করা হয়েছে।

০২. কিন্তু মাদ্রাসার অধ্যক্ষ হিসেবে কর্মরত ব্যক্তি কর্তৃক কাজী হিসেবে কর্মরত হিসেবে বৈধ নয় এবং উক্ত কাজী পদটি একটি লাভজনক পদ এ মর্মে কোন প্রমাণক (আইন-বিধির আলোকে) সংযুক্ত করা হয়নি।

০৩. এক্ষণে এমপিওভুক্ত মাদ্রাসায় অধ্যক্ষ হিসেবে কর্মরত ব্যক্তি কর্তৃক কাজীর দায়িত্ব পালন বৈধ নয় এবং কাজী পদবী একটি লাভজনক পদ এ মর্মে আইনের সমর্থনে কোন প্রমাণক দেয়া হয়নি। ফলে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যাচ্ছে না।

০৪. এমতাবস্থায়, কাজী পদটি একটি লাভজনক পদ এর সমর্থনে (আইন-বিধি উল্লেখক্রমে) প্রমাণক আগামী ০২.১২.২০২০খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(সৈয়দ আসগর আলী) -
সহকারী সচিব (মাদ্রাসা-২)
৯৫৪৫৭২০

জেলা প্রশাসক
সিলেট।

অনুলিপি:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩) অতিরিক্ত সচিব(মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) অফিস কপি।